বাংলার বাণী

তারিখ 28 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

110

# রাজশাহী বিআইটি থেকে ছাত্রদলের তিন নেতা বহিষ্কৃত

।। নিজস্ব সংবাদদাতা ।।

রাজশাহী, ২৭ অক্টোবর।–শৃংখলা ভঙ্গের অভিযোগে বিআইটি রাজশাহী শাখার ছাত্রদল নেতা আবদুল বাতেন শিকদার, মোহাম্মদ শাহজালালকে ২

শেষ পৃঃ ৬–এর কলামে

## রাজশাহী বিআইটি

প্রথম পৃষ্ঠার পর

বছরের জন্যে এবং মোহাম্মদ হারুনকে এক বছরের জন্যে বিআইটি রাজশাহী থেকে বহিষ্কার করা হয়েছে। তবে হারুনের বহিষ্কার আদেশ আপাতত স্থগিত রেখে তাকে সতর্ক করে দেয়া হয়েছে। বাতেন শিকদার (৪র্থ বর্ষ তড়িৎ কৌশল) শাহ জালাল (৪র্থ বর্ষ পুর কৌশল) ও হারুন (১ম বর্ষ পুর কৌশল)–এর ছাত্র।

বিআইটি রাজশাহীর শৃংখলা কমিটির এক সভায় এ শিক্ষা প্রতিষ্ঠানে গত বছরের ২১ থেকে ২৪ জুলাইয়ের সন্ত্রাসের জন্যে গঠিত এক সদস্যের ওয়াদুদ কমিটির রিপোর্টের ভিত্তিতে এ বহিষ্কারদেশের সিদ্ধান্ত নেয়া হয়। একই সাথে বহিষ্কৃত ছাত্রদের পরীক্ষার ফলাফল স্থগিত রাখার ঘোষণাও দেয়া হয়।

সংশ্লিষ্ট সূত্র জানায়, অস্ত্রের মুখে বিআইটি রাজশাহী পরিচালককে পদত্যাগপত্রে স্বাক্ষর করতে বাধ্য করা, ইনস্টিটিউটের ছাত্রাবাসের প্রায় ৫০টি কক্ষে ভাংচুর, সরকারী সম্পত্তি বিনষ্ট ৪০জন শিক্ষককে হয়রানি, অপমান, অপদস্ত এবং জনৈক শিক্ষকের সামনে চতুর্থ বর্ষ পুর কৌশলের ছাত্র স্বপন দাসকে বেধড়ক মারপিটের অভিযোগে শৃংখলা কমিটি এ বহিষ্কারের সিদ্ধান্ত নেয়। ছাত্রদল বিআইটি শাখা আজ রাত ১০টা পর্যন্ত এ ব্যাপারে কোন প্রতিক্রিয়া ব্যক্ত করেনি। তবে ছাত্রদলের একটি সূত্র আভাস দিয়েছে এ বহিষ্কারাদেশ প্রত্যাহারে 'রাজেকসু' স্টাইল' অনুসরণ করা হবে।